



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
ইস্পেকশন ও মনিটরিং শাখা



নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৪১.০০৪.২২.১০৩২

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

প্রাপক:

রেজিস্ট্রার, রেজিস্ট্রারের কার্যালয়, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বসুন্ধরা, ঢাকা-১২২৯।

বিষয়: Master of Laws (L.L.M.) প্রোগ্রামের আপডেটেড কারিকুলাম অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: ...


জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) ধারা মোতাবেক আপনার বিশ্ববিদ্যালয়ের School of Humanities and Social Science এর Department of Law এর আওতায় পরিচালনার জন্য Master of Laws (L.L.M.) প্রোগ্রামের আপডেটেড কারিকুলাম নিম্নোক্ত শর্তে পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদন প্রদান করা হলো:

- ১) ৩৬ ক্রেডিট আওয়ারস সংবলিত উক্ত প্রোগ্রামের কারিকুলামে যেকোনো ধরনের পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। কমিশন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ডিগ্রি টাইটেল-এর কোনো প্রকার পরিবর্তন করা যাবে না। প্রোগ্রামটি অবশ্যই নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, বসুন্ধরা, ঢাকা-১২২৯ ঠিকানাস্থ ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে পরিচালনা করা যাবে না।
- ২) প্রোগ্রামটি অবশ্যই Dual Semester ভিত্তিতে পরিচালনা করতে হবে। প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। প্রোগ্রামটিতে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কমিশন প্রণীত ইউনিক শিক্ষার্থী পরিচিতি নম্বর সৃজন সংক্রান্ত ম্যানুয়াল এর ভিত্তিতে একটি পরিচিতি নম্বর প্রদান করতে হবে এবং প্রোগ্রাম/কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত আইডি/রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে। বিশ্ববিদ্যালয় প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত আইডি/রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
- ৩) প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং/ সাক্ষ্য/ শূক্র-শনি (উইকেন্ড) ইত্যাদি নামে পরিচালনা করা যাবে না।
- ৪) কমিশন কর্তৃক অনুমোদিত প্রোগ্রাম/কোর্সে কোন শিক্ষার্থীকে ভর্তি করার ক্ষেত্রে কমিশন প্রণীত নির্ধারিত ভর্তির যোগ্যতা ও নীতিমালা অনুসরণ করতে হবে।
- ৫) জিইডি (GED) ডিপ্লোমাধারী শিক্ষার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।
- ৬) প্রোগ্রামটি পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। পূর্ণকালীন কোনো শিক্ষক কে কোনো সেমিস্টারে ০৪ (চার) টির বেশি কোর্স দেয়া যাবে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক কে খন্ডকালীন হিসেবে নিয়োগ দেয়ার ক্ষেত্রে ইউজিসি প্রণীত নীতিমালা/ নির্দেশিকা অনুসরণ করতে হবে। শিক্ষকদের ০৪ (চার) টি ধাপ (প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক, অধ্যাপক) অনুসরণ করতে হবে এবং কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে কোনো শিক্ষককে নিয়োগ/ পদোন্নতি দেয়া যাবে না। এছাড়াও, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৫(৩) অনুযায়ী প্রোগ্রামটির খন্ডকালীন শিক্ষক-সংখ্যা পূর্ণকালীন শিক্ষক-সংখ্যার এক-তৃতীয়াংশের বেশী হওয়া যাবে না।
- ৭) বর্ণিত প্রোগ্রামে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।

- ৮) কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন প্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। এতদসংক্রান্ত প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে হবে।
- ৯) লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং প্রতি বছর নতুন সংস্করণ আসলে তা লাইব্রেরিতে সংগ্রহ করতে হবে। এছাড়াও ইউজিসি ডিজিটাল লাইব্রেরির (ইউডিএল) সদস্য হতে হবে (ইতোমধ্যে হয়ে থাকলে আর প্রয়োজন হবে না)।
- ১০) অনুমোদিত কারিকুলামটি (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।
- ১১) প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট বিভাগের ওয়েব পেইজে সার্বক্ষণিক প্রকাশ করতে হবে।
- ১২) কারিকুলামটি পত্র জারির তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে এবং পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লিখিত মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পূর্বেই কারিকুলামটি পুনরায় আপডেট করে অনুমোদনের জন্য কমিশনে প্রেরণ করতে হবে।
- ১৩) উপরোক্ত শর্তাদির যে কোনটির ব্যত্যয় হলে কমিশন উক্ত সময়ের পূর্বে প্রোগ্রামটির অনুমোদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



০৭-০৬-২০২৩

মোঃ ওমর ফারুখ

পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৪১.০০৪.২২.১০৩২/১ (৪)

২৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৭ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ), ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে হালনাগাদ করার অনুরোধসহ);
- ২। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৩। সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
- ৪। কম্পিউটার অপারেটর, বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



০৭-০৬-২০২৩

মোঃ শরিফুল ইসলাম

সিনিয়র সহকারী পরিচালক